



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

কৃষি ও পল্লী ঋণ বিভাগ

www.krishibank.org.bd

পত্র নং-বিকেবি-প্রকা/কৃপবি-৩৬৪/২০২৩-২০২৪/৭৩৬

তারিখঃ ১২ জুন, ২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ২০২৩-২০২৪ অর্থবছরে আমদানি বিকল্প ফসল খাতে (ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা) ৪% রেয়াতি সুদ/মুনাফায় লক্ষ্যমাত্রার বিপরীতে ঋণ বিতরণ প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগ (ডিভিশন-১) (কৃষি ঋণ মনিটরিং উইং) এর ২০.০৫.২০২৪ইং তারিখের পত্র নং-এসিডি(এমডি)/১০১(২১)/২০২৪-৩০৪২ মোতাবেক চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের এপ্রিল, ২০২৪ পর্যন্ত ১০ মাস অতিক্রান্ত হওয়া সত্ত্বেও আমদানি বিকল্প ফসল যথা ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য ৪% রেয়াতি সুদ/মুনাফা হারে অত্র ব্যাংক কর্তৃক বিতরণকৃত ঋণের পরিমাণ লক্ষ্যমাত্রার তুলনায় আশানুরূপ নয়। উল্লিখিত পত্রে চলতি অর্থবছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের লক্ষ্যে ৪% রেয়াতি সুদ/মুনাফা হারে ঋণ বিতরণ কার্যক্রম ত্বরান্বিত করার জোর তৎপরতা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়।

০৩। আলোচ্য খাতে অত্র ব্যাংকের বিভাগওয়ারী নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে মাঠ কার্যালয়সমূহ কর্তৃক ৩০.০৫.২০২৪ তারিখ ভিত্তিক ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ :


(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগীয় কার্যালয়	২০২৩-২০২৪ অর্থবছরে ৪% রেয়াতি সুদ হারে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ও অর্জন			
		ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের হার (%)	লক্ষ্যমাত্রার অবশিষ্ট অংশ
১	ঢাকা	১৫.০১	৪.৯১	৩২.৭১%	১০.১০
২	ময়মনসিংহ	১০.৯৯	২.০২	১৮.৩৮%	৮.৯৭
৩	চট্টগ্রাম	১০.৯৪	২.৮০	২৫.৫৯%	৮.১৪
৪	খুলনা	১৬.৫৯	৫.৩৭	৩২.৩৭%	১১.২২
৫	বরিশাল	১২.৯৬	৩.৮২	২৯.৪৮%	৯.১৪
৬	সিলেট	৭.১২	০.৭১	৯.৯৭%	৬.৪১
৭	কুমিল্লা	১০.৯০	২.৬৪	২৪.২২%	৮.২৬
৮	ফরিদপুর	১১.৪০	৯.৫০	৮৩.৩৩%	১.৯০
৯	কুষ্টিয়া	১২.৮৯	৬.০৭	৪৭.০৯%	৬.৮২
১০	এলাপিও	১.২০	০.০০	০%	১.২০
মোট-		১১০.০০	৩৭.৮৪	৩৪.৪০%	৭২.১৬

উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় ২০২৩-২০২৪ অর্থবছরের ১১০.০০ কোটি টাকা ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে ৩০.০৫.২০২৪ তারিখ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ৩৭.৮৪ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার ৩৪.৪০% এবং কোন বিভাগই কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ও পল্লী ঋণ বিভাগ এর ২৭.০৫.২০২৪ ইং তারিখের ৬৯৫ নং পত্র এর মাধ্যমে ৩০ জুন, ২০২৪ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের নিমিত্ত বাংলাদেশ ব্যাংক এর কৃষি ও পল্লী ঋণ নীতিমালার সকল নিয়মাচার অনুসরণপূর্বক যে সকল খাতে ঋণ বিতরণের সুযোগ রয়েছে সে সকল খাতে ঋণ বিতরণের মাধ্যমে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, ২০২৩-২০২৪ অর্থবছরে ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য ৪% রেয়াতি সুদ হারে সংশ্লিষ্ট খাতের ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের জন্য বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণকে উক্ত বিশেষ ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd

চলমান পাতা-০২


বিষয় : ২০২৩-২০২৪ অর্থবছরে আমদানি বিকল্প ফসল খাতে (ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা) ৪%
রেয়াতি সুদে/মুনাফায় লক্ষ্যমাত্রার বিপরীতে ঋণ বিতরণ প্রসঙ্গে।

পত্র নং-বিকেবি-প্রকা/কৃপবি-৩৬৪/২০২৩-২০২৪/৭৩৬

তারিখঃ ১২ জুন, ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। নথি/মহানথি।



(মোহাম্মদ শরিফুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক